

বাড়তি দামে উড়োজাহাজের টিকিট না কেনার নির্দেশ আটাবের

- A Monitor Desk Report

Date: 21 January, 2025



ঢাকাঃ বাড়তি দামে উড়োজাহাজের টিকিট এয়ারলাইন্স বা অন্য কোনো পক্ষ থেকে না কেনার জন্য এজেন্সিগুলোকে নির্দেশনা দিয়েছে অ্যাসোসিয়েশন অব ট্রাভেল এজেন্টস অব বাংলাদেশ (আটাব)।

সোমবার (২০ জানুয়ারি) আটাব সদস্যদের কাছে পাঠানো চিঠিতে এমন নির্দেশনা দেওয়া হয়।

সংগঠনের মহাসচিব আফসিয়া জান্নাত সালেহ বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, সম্প্রতি এয়ার টিকিটের ক্রমবর্ধমান মূল্যবৃদ্ধি ও কৃত্রিম সংকটের কারণে মার্কেটে অস্থিতিশীল পরিস্থিতি বিরাজ করছে। মার্কেটের পরিস্থিতি স্বাভাবিক করার লক্ষ্যে আটাব কর্তৃক বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, এয়ারলাইন্সসহ সংশ্লিষ্ট সব নিয়ন্ত্রক সংস্থা ও পর্যবেক্ষক দফতরের সঙ্গে একাধিক আলোচনা সভা ও বৈঠক করেছে এবং সমস্যার সমাধানকল্পে আটাব ক্রমাগত প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

চিঠিতে তিনি আরও জানান, এয়ার টিকিটের আসন সংকট ও মূল্য সহনীয় পর্যায়ে রাখতে আটাব গত ১৩ জানুয়ারি এয়ারলাইন্সগুলোকে অতিরিক্ত ফ্লাইট পরিচালনার জন্য অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করে। সেই পরিপ্রেক্ষিতে জাজিরা এয়ারলাইন্স আগামী ৫ ফেব্রুয়ারি থেকে সপ্তাহে অতিরিক্ত সাতটি ফ্লাইট পরিচালনা করবে মর্মে আটাবকে অবহিত করেছে।

একই সঙ্গে অতিরিক্ত মূল্যে টিকিট ক্রয় না করার জন্য অনুরোধ জানান মহাসচিব।

-B